

এইচএসসি ইংরেজি প্রথম পত্র পরীক্ষা পরীক্ষকসহ বহিষ্কার ৮৪, অনুপস্থিত ৭০৮৯

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ২২ আগস্ট ২০২৩



ছবি: সংগৃহীত

এইচএসসি ও সমমানের পরীক্ষার তৃতীয় দিনে ৮ শিক্ষা বোর্ডে অনুপস্থিত ছিল ৭ হাজার ৮৯ পরীক্ষার্থী। অনুপস্থিতির হার শূন্য দশমিক ৭২ শতাংশ। এছাড়া অসদুপায় অবলম্বনের দায়ে তৃতীয় দিনে রেকর্ড ৮৪ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ৮১ পরীক্ষার্থী ও ৩ জন পরীক্ষক।

মঙ্গলবার (২২ আগস্ট) শিক্ষা মন্ত্রণালয়ের কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে।

এদিন এইচএসসির ইংরেজি প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। তবে প্রাকৃতিক দুর্ঘটনের কারণে চট্টগ্রাম, মাদ্রাসা ও কারিগরি বোর্ডের পরীক্ষা স্থগিত করা হয়। এই তিন বোর্ডের পরীক্ষা আগামী ২৭ আগস্ট থেকে শুরু হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কম্বলের তথ্য অনুযায়ী, ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৯ লাখ ৮৯ হাজার ৮০৩ জন। এর মধ্যে ৯ লাখ ৮২ হাজার ৭১৪ পরীক্ষার্থী অংশ নেয়। অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন সবচেয়ে বেশি ১ হাজার ৯৫৮ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এছাড়া রাজশাহীতে ১ হাজার ১৬৪, বরিশালে ৪৮৭, সিলেটে ৫৪০, দিনাজপুরে ৯২৫, কুমিল্লায় ৬৭৭, ময়মনসিংহে ৫০৯ এবং যশোর শিক্ষা বোর্ডে ৮২৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

অন্যদিকে উপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে ৮১ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কার হওয়ার শিক্ষার্থীদের মধ্যে ঢাকা শিক্ষাবোর্ডে সর্বোচ্চ ৩৭ জন, এরপর কুমিল্লা বোর্ডে ১৩, বরিশাল বোর্ডে ৮ জন, সিলেট ৪, যশোর বোর্ডে ৬ জন, ময়মনসিংহ বোর্ডে ৩, দিনাজপুর বোর্ডে ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষার দায়িত্বে থাকা ৩ জন পরিদর্শককেও বহিষ্কার করা হয়েছে।